General Certificate of Education
Advanced Level Examination
June 2015

# Bengali

**BENG2**

**Unit 2 Reading and Writing**

# Insert

**Text to be used when answering Section 1**

**Section 3 Writing Questions 3, 4, 5 and 6**

A

Text for use with **Section 1**

## বাঙালী মুসলিম নারী জাগরণে বেগম রোকেয়া

ঊনবিংশ শতাব্দীর প্রথম তিন দশক পর্যন্ত ভারতীয় উপমহাদেশে হিন্দু-মুসলিম সমাজে স্ত্রী-শিক্ষা অকল্যাণকর ও ধ্বংসাত্মক বলে বিবেচিত হতো। অনেকেই তখন মনে করতেন মহিলারা শিক্ষাগ্রহণ করলে তারা অকালে বিধবা হবে এবং সংসারে অশান্তি আসবে। আবার অনেকে এরূপ চিন্তা না করলেও ভাবতেন, মেয়েদের শিক্ষার কোনো প্রয়োজন নেই। কারণ তাদের স্বামীরাই তো অফিস-আদালতে চাকরী করে অর্থ উপার্জন করবে। সেকালে মহিলাদের বন্দী করে রাখা হতো অন্তঃপুরে। তখনকার সমাজ ভাবতো যে, মেয়েদের শিক্ষালাভ করার মতো বুদ্ধি ও বিচারশক্তি নেই, এবং থাকলেও তাদের উচ্চশিক্ষা নেওয়ার মতো ক্ষমতা নেই। তবে, এটা ঠিক যে, সে-সময়কার কিছু পাশ্চাত্য শিক্ষিত উদার মনোভাবসম্পন্ন রক্ষণশীল ব্রাহ্ম ও হিন্দু পরিবার মহিলা শিক্ষার ব্যাপারে বেশ সচেতন ছিলেন। তাঁরা তাঁদের স্ত্রী-কন্যাদেরকে উচ্চ শিক্ষিত করার জন্য ইউরোপ পাঠাতেন। যে-সব প্রগতিশীল ব্যক্তি সমাজে নারীর অধিকার প্রতিষ্ঠার জন্য বিশেষ ভূমিকা পালন করেছিলেন, তাঁরা হলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, রাজা রামমোহন রায়, কেশব চন্দ্র সেন এবং আরও অনেকে।

বিংশ শতাব্দীর সূচনায় বাঙলার মুসলমানদের যে-অংশে উদার মানবিক প্রভাব অনুভূত হয়েছিলো, বাঙালীর জাগরণ যেভাবে জাতীয়তার রূপ গ্রহণ করেছিলো, সে-অংশেরই অন্যতম প্রতিনিধি ছিলেন বেগম রোকেয়া। বাঙালী মুসলিম নারী জাগরণের অগ্রদূত ছিলেন তিনি এবং প্রগতিশীলতার পথে তাদের অভিযানে তিনি চিরদিন আলোর দিশারী হয়ে থাকবেন।

বাঙালি মুসলিম সমাজে নারী স্বাধীনতা ও নারীশিক্ষা উন্নয়নে বেগম রোকেয়া সাখাওয়াৎ হোসেন সর্বাধিক অবদান রেখেছিলেন। তাঁর জন্ম বাংলাদেশে ১৮৮০ সালে। মুসলমান মেয়েদের মধ্যে শিক্ষা বিস্তারের জন্য তাঁর অসীম দরদ ও ত্যাগ স্বীকার ছিলো। ১৯০৯ সালে স্বল্প কয়েকজন ছাত্রী নিয়ে তিনি প্রথম সাখাওয়াৎ মেমোরিয়াল গার্লস স্কুল প্রতিষ্ঠা করেন। পরে এটা ১৯৩১ সালে মাধ্যমিক হাই স্কুল হিসাবে উন্নীত হয়। সমাজে সাহিত্য ও ইংরেজী শিক্ষার প্রচেষ্টায় তাঁর আন্তরিকতার কমতি ছিলো না। সমাজের সকল অবরোধ ও বাধা উপেক্ষা করে মুসলিম মেয়েদের শিক্ষিত করে গড়ে তুলবার উদ্দেশ্যে তিনি কঠোর পরিশ্রম করেছিলেন। নারীদের আত্মসম্মান ও অধিকার আদায়ে সচেতন করে তোলাই ছিলো তাঁর একমাত্র লক্ষ্য।

যা-হোক, গত শতাব্দীতে মহিলাদের শিক্ষা ও কর্মক্ষেত্রে অনেক উন্নতি হয়েছে। বেগম রোকেয়ার আমরণ প্রচেষ্টার ফলে আজ মুসলিম নারী সমাজ শিক্ষার দিকে অনেক দূর অগ্রসর হয়েছে। এখন মেয়েদের লেখাপড়ার প্রতি মা-বাবাদের সচেতনতা অনেক বৃদ্ধি পেয়েছে। তারা মনে করে যে, লেখাপড়া শিখলে মেয়েদের ভালো বিয়ে হবে এবং সংসারে সাহায্য হবে। তাছাড়া, চাকরী করে মেয়েরা স্বাবলম্বী হবে এবং সঙ্গে সঙ্গে তাদের আত্মবিশ্বাস ও আত্মসম্মানবোধ বাড়বে। মুসলিম মহিলারা আজ পুরুষদের থেকে আর পিছিয়ে নেই। তারা এখন চাকরী করছে, গাড়ি চালাচ্ছে, ডাক্তার-ইঞ্জিনিয়ার হচ্ছে, জজ-ব্যারিস্টার হচেছ, এমনকি রাজনীতিতেও নেতৃত্ব দিচেছ।

## Section 3

**নিচের বিষয়গুলো থেকে যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও। দু'টি প্রশ্ন একই বিষয় থেকে অবশ্য লিখবে না। প্রতিটি প্রশ্নের উত্তর অন্তত ২০০ শব্দে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের জন্য ৩০ মার্ক। দু'টি প্রশ্নের জন্য মোট ৬০ মার্ক।**

## Literary Topics

## (সাহিত্য-বিষয়ক প্রসঙ্গ)

### Topic 1

### বাংলা উপন্যাস ও গল্প

### Bengali Fiction

**Either**

**3 (a)** তোমার পড়া একটি বাংলা উপন্যাসের মূল বিষয়-বস্তুর সংক্ষিপ্ত বর্ণনা দাও। এই উপন্যাসের কোন চরিত্রটি তোমার কাছে সবচেয়ে বেশী ভালো লেগেছে এবং কেন, সে সম্পর্কে মন্তব্য করো।

**[30 marks]**

**or**

**3 (b)** তোমার প্রিয় ছোটো গল্পের লেখক কে? তোমার পড়া তার একটি ছোটো গল্পের কাহিনী সংক্ষেপে বর্ণনা করে তোমার মতামত ব্যক্ত করো।

**[30 marks]**

### Topic 2

### বাংলা কবিতা ও নাটক

### Bengali Poetry and Drama

**Either**

**4 (a)** তোমার প্রিয় কবি কে? তোমার পড়া তার দু'টি কবিতার ভাব বিশ্লেষণ করে কবি-মনের পরিচয় দাও। প্রসঙ্গত, তার কবিতা তোমার কাছে কেমন লেগেছে, সে সম্পর্কে মতামত দাও।

**[30 marks]**

**or**

**4 (b)** তোমার দেখা ব্রিটেনের পরিবার ও সমাজ নিয়ে লেখা একটি নাটক সম্বন্ধে প্রবন্ধ লেখো। প্রসঙ্গত, এই নাটকটি কতটা বাস্তবধর্মী বলে তুমি মনে করো? নাটকটিতে কার অভিনয় তোমার কাছে সবচেয়ে ভালো লেগেছে এবং কেন?

**[30 marks]**

Turn over ▶

## Non-literary Topics

## (সাহিত্য নয়, এমন বিষয়ক প্রসঙ্গ)

### Topic 3

### বাংলাদেশের উদ্ভব ও ব্রিটেনে বাঙালী

### The Emergence of Bangladesh and Bengalis in Britain

**Either**

**5 (a)** ভাষা আন্দোলন সম্বন্ধে তুমি কী জানো? কীভাবে পূর্ব বাঙলার ভাষা আন্দোলন পরবর্তী সময়ে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের রূপ নেয় এবং এর ফলে বাংলাদেশ স্বাধীন হয়, তা সংক্ষেপে আলোচনা করো।

**[30 marks]**

**or**

**5 (b)** আজকাল দেখা যায়, ব্রিটেনে বসবাসকারী অনেক বাঙালী ছেলেমেয়ে অবাঙালী ছেলেমেয়েদেরকে বিয়ে করছে। এ সম্পর্কে তোমার মতামত কী? আলোচনা করো।

**[30 marks]**

### Topic 4

### বাংলা সিনেমা ও গান

### Bengali Cinema and Music

**Either**

**6 (a)** তোমার জানা একজন বাঙালী সিনেমা পরিচালকের পরিচয় দাও। তাঁর কোন সিনেমাটি সবচেয়ে সফল হয়েছে বলে তোমার মনে হয় এবং কেন? কোন চরিত্রটি তোমার কাছে সবচেয়ে ভালো লেগেছে? আলোচনা করো।

**[30 marks]**

**or**

**6 (b)** বাংলাদেশে যে-সব গ্রামীণ গান গাওয়া হয় সে-সব থেকে দু'একটা গানের কথা উল্লেখ করো। এই গানগুলোর মধ্যে কোন ধরনের গান তোমার কাছে সবচেয়ে ভালো লাগে? সংক্ষেপে আলোচনা করো।

**[30 marks]**

**END OF QUESTIONS**

Copyright © 2015 AQA and its licensors. All rights reserved.